দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 23 AUG 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

রাবিতে মুনতাসীর মামুন

# জঙ্গী নির্মূলে প্রয়োজন মানস জগতের পরিবর্তন

**রাবি সংবাদদাতা ॥** মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক ড. মুনতাসীর মামুন বলেছেন, এদেশে জঙ্গীবাদ নির্মূল করতে চাইলে মানস জগতে প্রগতির আধিপত্য বিস্তার করতে হবে। স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা শিক্ষার্থীদের মানস জগতে প্রগতির বিস্তার ঘটাতে কাজ করবেন। কিন্তু শিক্ষা ব্যবস্থায়, বাংলাভাষা এবং মুক্তিযুদ্ধের ইতিহাস না থাকলে মানস জগতে প্রগতির বিস্তার ঘটানো সম্ভব না। রবিবার রাতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের জুবেরী ভবনের শিক্ষক লাউঞ্জে অনুষ্ঠিত 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বাঙালীর বিশ্বায়ন' শীর্ষক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে এ আলোচনা সভার আয়োজন করে মুক্তিযুদ্ধের চেতনা ও মূল্যবোধে বিশ্বাসী প্রগতিশীল শিক্ষক সমাজ। অধ্যাপক মুনতাসীর মামুন বলেন, বঙ্গবন্ধু জাতির মানস জগতে প্রগতির বিস্তার ঘটাতে পেরেছিলেন। এজন্য অর্থনৈতিক উন্নয়নের পাশাপাশি তিনি শিক্ষা ও সংস্কৃতির আধুনিকায়ন করেছেন। জামায়াতে ইসলামীসহ ধর্মভিত্তিক রাজনৈতিক দল নিষিদ্ধ করেছিলেন। রাজনীতিতে ধর্মের ব্যবহার নিষিদ্ধ করতে পেরেছিলেন। তিনি উপলব্ধি করেছিলেন, রাজনীতিতে ধর্মের ব্যবহার না থাকলে দেশে জঙ্গীবাদ থাকবে না। কিন্তু তাকে হত্যার পর ধর্মভিত্তিক রাজনীতিকে পুনর্বাসনের মাধ্যমে আবারও এদেশে প্রতিক্রিয়াশীল রাজনীতির সূচনা হয়। তিনি আরও বলেন, বঙ্গবন্ধু সাহস ও আত্মত্যাগের মাধ্যমে বাঙালী জাতিকে ঐক্যবদ্ধ করতে পেরেছিলেন। রাজনীতিতে ধর্মের ব্যবহার নিষিদ্ধ করে তিনি সাহসের পরিচয় দিয়েছিলেন। আজকের রাজনীতিবিদরা বঙ্গবন্ধুর এ সাহস দেখাতে পারেননি। বঙ্গবন্ধুর মতো সাহস থাকলে তারা জামায়াত নিষিদ্ধ করতেন, ব্লগারদের বিরুদ্ধে বিষোদ্গার করতেন না, ধর্মভিত্তিক রাজনীতিকে প্রশ্রয় দিতেন না। রাবি প্রগতিশীল শিক্ষক সমাজের আহ্বায়ক অধ্যাপক রকিব আহমদ সভাপতিত্ব করেন।